



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

বাংলাদেশ উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জন করায় পাবিপ্রবিতে আনন্দ শোভাযাত্রা



পাবিপ্রবিতে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনে ঐতিহাসিক সাফল্য উদযাপন উপক্ষে আনন্দ শোভাযাত্রা

(২২/০৩/২০১৮)ঃ আজ বৃহস্পতিবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে উৎসবমুখর পরিবেশের মধ্যদিয়ে এক আনন্দ শোভাযাত্রা বের করা হয়। বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা হতে উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জন করায় সকাল ১০ টায় প্রশাসন ভবন থেকে উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলামের নেতৃত্বে শিক্ষক-শিক্ষার্থীদের অংশ গ্রহণে এক আনন্দ র্যালি বের করা হয়। র্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে স্বাধীনতা চত্বরে গিয়ে শেষ হয়।

সংক্ষিপ্ত এক আলোচনায় উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম বলেন, বঙ্গবন্ধু সারা জীবন সংগ্রাম করেছেন বাঙালি জাতির মুক্তির জন্য। এই মহান নেতা আমাদের একটি দেশ, পতাকা, সংবিধান ও একটি মানচিত্র দিয়েছেন। তিনি সারা জীবন বাংলা ও বাঙালির কথা বলেছেন এবং বাঙালি জাতিকে অর্থনৈতিক ও রাজনৈতিক মুক্তি এনে দিয়েছেন। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জন করেছে। সারা পৃথিবীর কাছে বাংলাদেশ এখন সুনামের সাথে মর্যাদার স্থান অর্জন করেছে। এই অর্জনকে কাজে লাগিয়ে আমাদের যার যার জায়গা থেকে কাজ করে দেশকে উন্নত দেশে পরিণত করতে হবে।

সংক্ষিপ্ত আলোচনা সভায় আরও বক্তব্য দেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মোঃ হাবিবুল্লাহ, রিজেন্ট বোর্ডের সদস্য ড. আব্দুল আলীমসহ বিভিন্ন বিভাগের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।

আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন সকল অনুষদের ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী ও বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ শাখা ইউনিট।